৭/৮/২০০২

দৈনিক ইত্তেফাক

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ...২... কলাম ... ১-৬....

## বিশ্ববিদ্যালয়কে নিজের নিয়মে চলার সুযোগ সৃষ্টির জন্য ২১৬ জন শিক্ষকের বিবৃতি

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।** ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২১৬ জন শিক্ষক গতকাল সোমবার এক বিবৃতিতে ক্যাম্পাসের বর্তমান পরিস্থিতির অবসান ঘটাইয়া বিশ্ববিদ্যালয়কে তাহার নিজের নিয়মে পরিচালিত হওয়ার সুযোগ সৃষ্টির জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানাইয়াছেন। বিবৃতিতে তাহারা বলেন, মহলবিশেষের প্ররোচনায় একটি ছাত্র সংগঠন কর্তৃক আহূত ধর্মঘটের কারণে গত ২৯ জুলাই হইতে বিশ্ববিদ্যালয়ের ক্লাসসমূহ বন্ধ আছে এবং পরীক্ষাসমূহ (২য় পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

### বিশ্ববিদ্যালয়কে নিজের

(১ম পৃঃ পর)

স্থগিত হইয়াছে। উদ্ভূত পরিস্থিতিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম দারুণভাবে বিঘ্নিত হইয়া পড়িয়াছে। অনভিপ্রেত এই ধর্মঘটে সবচাইতে বেশী ক্ষতিগ্রস্ত হইতেছে বিভিন্ন বর্ষের পরীক্ষার্থীরা। বিবৃতিতে শিক্ষকরা বলেন, জাতীয় রাজনীতিতে স্বাধীনতা বিরোধী বাঙালী জাতিসত্তার অবিশ্বাসী ও ধর্মান্ধ মৌলবাদী শক্তির পৃষ্ঠপোষক হিসাবে পরিচিত রাজনৈতিক মহলের আশীর্বাদপুষ্ট ছাত্র সংগঠনটি ধর্মঘট আহ্বানের যেসব কারণ দেখাইয়াছে সেগুলির অধিকাংশই রাজনৈতিক ও উদ্দেশ্য-প্রণোদিত। বিবৃতি প্রদানকারী শিক্ষকরা হইলেন ঃ অধ্যক্ষ এ জেড এম নওশের আলী খান, অধ্যাপক সৈয়দ গিয়াসউদ্দীন আহমেদ, অধ্যাপক শামসুল হুদা হারুন, অধ্যাপক মোহাম্মদ মনিরুজ্জামান, অধ্যাপক ম. আখতারুজ্জামান প্রমুখ।